

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬১৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাতে তাহাজ্জুদ সালাত আদায়কারীর জন্য বৈধ রয়েছে, তার সেই সালাতে অন্যের ইমামতি করা

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمُتَهَجِّدِ بِاللَّيْلِ أَنْ يَؤُمَّ بِصَلَاتِهِ تلك

আরবী

2617 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّتَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّتَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ عَبْد رَبِّهِ بْنِ سَعِيدٍ عَنْ مَخْرَمَةَ بْنِ سُلَيْمَانَ عَنْ كُرَيْبٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ قَالَ: بِتُ عِنْدَ خَالَتِي مَيْمُونَةً وَرَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَامَ يُصلِّي فَقُمْتُ وَسَلَّمَ عِنْدَهَا تِلْكَ اللَّيْلَةَ فَتَوَضَّا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَامَ يُصلِّي فَقُمْتُ عَنْ يَمِينِهِ فَصلَلَّى فِي تِلْكَ اللَّيْلَةِ ثَلَاثَ عَشْرَةَ رَكْعَةً ثُمَّ نَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمُ أَتَاهُ الْمُؤَذِّنِ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَلَى الْقَهُ عَلَيْهِ وَسَلَّمَ تُمُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلْنِي عَنْ يَمِينِهِ فَصلَلَّى فِي تِلْكَ اللَّيْلَةِ ثَلَاثَ عَشْرَةَ رَكْعَةً ثُمَّ نَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى نَفَحَ وَكَانَ إِذَا نَامَ نَفَحَ ثُمَّ أَتَاهُ الْمُؤَذِّنُ فَخَرَجَ وَصَلَّى وَلَمْ يَتُوضَانً .

قَالَ عَمْرُو: حَدَّثْتُ بِهَذَا بُكَيْرَ بْنَ الأشج فقال: حدثني كريب بذلك.

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2617 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) ((الإرواء)) ((الإرواء)) (294): ق.

বাংলা

২৬১৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি একবার আমার খালা মাইমূনা রাদ্বিয়াল্লাহু আনহার বাড়িতে রাত্রি যাপন করি। এই রাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার গৃহে ছিলেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওয়ু করেন তারপর সালাতে দাঁড়িয়ে যান। আমি তাঁর বাম পাশে গিয়ে দাঁড়াই। তখন তিনি আমাকে ধরে তাঁর ডান পাশে রাখেন।



ঐ রাতে তিনি ১৩ রাকা'আত সালাত আদায় করেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুমিয়ে যান, এমনকি তিনি নাক ডাকতে শুরু করেন। আর তিনি যখন ঘুমাতেন নাক ডাকতেন। তারপর মুয়ায্যিন তাঁর কাছে আসলে তিনি বেরিয়ে যান এবং সালাত আদায় করেন কিন্তু ওয়ু করেননি।"

আমর রহিমাহুল্লাহ বলেন, "আমি হাদীসটি বুকাইর আশাজ্জকে বর্ণনা করলে তিনি বলেন, "কুরাইবও আমাকে হাদীসটি এভাবেই বর্ণনা করেছেন।"[1]

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/১২১-১২২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৭০৮; মুসনাদ আহমাদ: ১/২৪২; সহীহ আল বুখারী: ১৮৩; সহীহ মুসলিম: ৭৬৩; আবূ দাউদ: ১৩৬৭; নাসাঈ: ৩/২১০-২১১; শামাইলে তিরমিযী: ২৬২; ইবনু মাজাহ: ১৩৬৩; আবূ আওয়ানা: ২/৩১৫-৩১৬; তাবারানী: ১২১৯২; সুনান বাইহাকী: ৩/৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91947

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন